

ইউসুফের আত্মপ্রকাশ এবং ভাইদের

ক্ষমা প্রার্থনা

পরিবারের অনটনের কথা শুনে এবং পিতার অন্ধত্ব ও অসহায় অবস্থার কথা শুনে ইউসুফ আর নিজেকে ধরে রাখতে পারলেন না।

অশ্রুঝর কণ্ঠে তিনি আল্লাহর হুকুমে নিজেকে প্রকাশ করে দিলেন এবং বললেন,

قَالَ هَلْ عَلِمْتُمْ مَا فَعَلْتُمْ بِيُوسُفَ وَأَخِيهِ إِذْ أَنْتُمْ جَاهِلُونَ-

'তোমাদের কি জানা আছে যা তোমরা

করেছিলে ইউসুফ ও তার ভাইয়ের সাথে?

যখন তোমরা (পরিণাম সম্পর্কে) অজ্ঞ ছিলে'

(৮৯)। 'তারা বলল, إِنَّكَ لَأَنْتَ يُوسُفُ? তবে কি

তুমিই ইউসুফ? তিনি বললেন, أَنَا يُوسُفُ وَهَذَا

أُمِّي قَدْ مَنَّ اللَّهُ عَلَيْنَا،

হ'ল আমার (সহোদর) ভাই। আল্লাহ

আমাদের প্রতি অনুগ্রহ করেছেন। নিশ্চয়ই যে

ব্যক্তি তাকওয়া অবলম্বন করে ও ধৈর্য ধারণ
করে, আল্লাহ এহেন সৎকর্মশীলদের প্রতিদান
বিনষ্ট করেন না' (৯০)। 'তারা বলল, تَاللّٰهِ لَقَدْ
- آثَرَكَ اللهُ عَلَيْنَا وَإِنْ كُنَّا لَخَاطِئِينَ -
আমাদের উপরে আল্লাহ তোমাকে পসন্দ
করেছেন এবং আমরা অবশ্যই অপরাধী
ছিলাম' (৯১)। 'ইউসুফ বললেন, لَا تَثْرِيْبَ عَلَيْنَكُمُ
- الْيَوْمَ يَغْفِرُ اللهُ لَكُمْ وَهُوَ أَرْحَمُ الرَّاحِمِينَ -
তোমাদের বিরুদ্ধে কোন অভিযোগ নেই।
আল্লাহ তোমাদের ক্ষমা করুন। তিনি সকল
দয়ালুর চাইতে অধিক দয়ালু' (ইউসুফ
১২/৮৯-৯২)।